গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরদী, নরসিংদী
www.monohardi.narsingdi.gov.bd

নম্বর: ০৫.৩০.৬৮৫২.০১২.১১.০২০.২২- ৭১৯ তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ / ০১ নভেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

**বিষয়: গ্রাম পুলিশ নিয়োগ।**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপনমূলে এস, আর, ও নং ৮৯-আইন/২০১৫ এর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর **'গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫'** মোতাবেক এবং নরসিংদী জেলাধীন মনোহরদী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের লিখিত চাহিদা পত্রের আলোকে ইউনিয়ন পরিষদের পাশে বর্ণিত ওয়ার্ডসমূহে মহল্লাদার শূণ্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মনোহরদী উপজেলার স্ব স্ব ইউনিয়নের স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ইউনিয়ন | পদের নাম | পদের সংখ্যা | ওয়ার্ড নং | যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | লেবুতলা | মহল্লাদার | ০১টি | ৬ | (ক) ৮ম শ্রেণি উত্তীর্ণ<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি | প্রচলিত বিধি মোতাবেক |
| ০২ | চালাকচর | মহল্লাদার | ০২টি | ৫, ৬ | | |
| ০৩ | খিদিরপুর | মহল্লাদার | ০১টি | ৪ | | |
| ০৪ | কাচিকাটা | মহল্লাদার | ০১টি | ৯ | | |
| ০৫ | শুকুন্দি | মহল্লাদার | ০৩টি | ৪, ৬, ৯ | | |
| ০৬ | দৌলতপুর | মহল্লাদার | ০২টি | ১, ৪ | | |
| ০৭ | গোতাশিয়া | মহল্লাদার | ০১টি | ৩ | | |
| ০৮ | কৃষ্ণপুর | মহল্লাদার | ০২টি | ৪, ৭ | | |

নিয়োগের শর্তাবলি:

(১) আবেদনকারীর বয়স আগামী ২৩/১১/২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

(২) প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।

(৩) উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে 'উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী' বরাবর লিখিত আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, আবেদিত পদের নাম, ইউনিয়ন ও ওয়ার্ড নং সহ স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও ২৩/১১/২০২৩ খ্রি. তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বিবাহ সংক্রান্ত তথ্য, সন্তান সংখ্যা, মৃত/অবসর প্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্য কিনা, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী কিনা, তা উল্লেখপূর্বক আগামী ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মনোহরদী, নরসিংদীতে জমা দিতে হবে।

(৪) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব ও ওয়ার্ড সদস্য কর্তৃক সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়ন পত্র।
(গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি।
(ঘ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

CamScanner
CamScanner

(ঙ) জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনী অথবা মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্য হলে সেক্ষেত্রে প্রয়োজনীয় সনদ/প্রত্যয়নের সত্যায়িত ফটোকপি।

(ছ) স্পষ্টাক্ষরে প্রার্থীর নিজস্ব ঠিকানা লিখিত ৯'×৫' সাইজের খামের উপর ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

(৫) আবেদন দাখিলে ব্যবহৃত খাম ও ফেরৎ খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর লিখতে হবে।

(৬) মৃত/অবসর প্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

(৭) আবেদনপত্রের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

(৮) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে সিভিল সার্জন/তৎকর্তৃক মনোনীত মেডিকেল অফিসার কর্তৃক সন্তোষজনক শারীরিক যোগ্যতা সম্পর্কিত সনদ দাখিল সাপেক্ষে এবং পূর্ব কার্যকলাপ সংশ্লিষ্ট থানা বা যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হবে।

(৯) আবেদনপত্র গ্রহণ, বাতিল বা নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১/১১/২৩

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার পদে নিয়োগ সংক্রান্ত উপজেলা বাছাই কমিটি
মনোহরদী, নরসিংদী
ফোন: ০২৯৪৪৫০০৩
ই-মেইল: unomonohardi@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৬৮৫২.০১২.১১.০২০.২২- ৭১৯

১/১১/২৩

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ / ০১ নভেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। জেলা প্রশাসক, নরসিংদী।
০২। পুলিশ সুপার, নরসিংদী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী।
০৪। অফিসার-ইন-চার্জ, মনোহরদী থানা ও সদস্য, মহল্লাদার পদে নিয়োগ সংক্রান্ত উপজেলা বাছাই কমিটি, মনোহরদী, নরসিংদী।
০৫। উপজেলা প্রকৌশলী ও সদস্য, মহল্লাদার পদে নিয়োগ সংক্রান্ত উপজেলা বাছাই কমিটি, মনোহরদী, নরসিংদী।
০৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য-সচিব, মহল্লাদার পদে নিয়োগ সংক্রান্ত উপজেলা বাছাই কমিটি, মনোহরদী, নরসিংদী।
০৭। উপজেলা ........................কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।
০৮। চেয়ারম্যান,............................. ইউনিয়ন পরিষদ, মনোহরদী, নরসিংদী। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন)
০৯। জনাব...................................................মনোহরদী, নরসিংদী।
১০। অফিস কপি।

১/১১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
মনোহরদী, নরসিংদী

CamScanner
CamScanner